

ডাইরি/ওয়েবসাইটে অনুলিপির ব্যবস্থা শিল	
স্টেশন প্রকৌশলী	
উপস্টেশন প্রকৌশলী	
সহকারী বেতার প্রকৌশলী	
রেডিও টেকনিশিয়ান	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কেন্দ্রীয় বার্তা সংস্থা
বাংলাদেশ বেতার
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নং ১৫.৫৩.০০০০.০০০.২০১.১৩.০০০৪.২৫.৪২৬

তারিখঃ ২২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়ন (লাম্প গ্র্যান্ট) মঞ্জুরী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ালোকে জানানো যাচ্ছে যে, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকার সাবেক পরিচালক (বার্তা) শফিকুল আলম গত ২৪-০৯-২০২৫খ্রি: তারিখ অপরাহ্নে চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করেন। তিনি ২৩-০৪-১৯৯৭ খ্রি: তারিখে প্রথম চাকুরিতে যোগদান করেন। তার একমাত্র বিধবা স্ত্রী জনাব নাছরীন বানু স্বামীর প্রাপ্য লাম্পগ্র্যান্ট মঞ্জুরীর জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদন করেছেন। জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ৫০০০০-৭১২০০/- টাকা স্কেলে তার সর্বশেষ আহরিত মূল বেতন ৭১,২০০/- টাকা। মরহম শফিকুল আলম ২৩-০৪-১৯৯৭ খ্রি: থেকে ২৪-০৯-২০২৫খ্রি: তারিখ পর্যন্ত ২৮ বছর ৭ মাস ২ দিন চাকুরি করেছেন। এল.পি.সি মোতাবেক তার পূর্ণ গড় বেতনে ২ বছর ২ মাস ৬ দিন এবং অর্ধগড় বেতনে ২ বছর ৩ মাস ৬ দিন ছুটি জমা আছে।

অতএব, সাবেক পরিচালক (বার্তা) শফিকুল আলম-এর মৃত্যুজনিত কারণে জনাব নাছরীন বানুকে লাম্প গ্র্যান্ট বাবদ ৭১২০০×১৮ = ১২,৮১,৬০০/- (বারো লক্ষ একাশি হাজার ছয়শত) টাকা মঞ্জুরী দানের লক্ষ্যে তাঁর আবেদনপত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এই সাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত:

- ১। মূল আবেদন।
- ২। অনলাইন মৃত্যু সনদের কপি।
- ৩। শেষ বেতনের সনদপত্রের (এলপিসি) সত্যায়িত ফটোকপি।
- ৪। ছুটি প্রাপ্যতার মূলকপি ও সত্যায়িত ফটোকপি।
- ৫। নিয়োগপত্রের সত্যায়িত ফটোকপি।
- ৬। এসএসসি সনদের সত্যায়িত ফটোকপি।
- ৭। বিভাগীয় ও ফৌজদারী মামলা নেই মর্মে প্রত্যয়নপত্র।

স্বা:
(মোহা: তানিয়া নাজনীন)
পরিচালক বার্তা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৪৪৮১৩২৬২
ইমেইল: dirnews@betar.gov.bd

অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

নং ১৫.৫৩.০০০০.০০০.২০১.১৩.০০০৪.২৫.৪২৬

তারিখঃ ২২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতিকল্পে (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২. উপ-বার্তা নিয়ন্ত্রক (প্রশাসন), কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা-১২০৭ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জনাব নাছরীন বানু, স্বামী- মৃত. শফিকুল আলম সাবেক পরিচালক (বার্তা), কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা-১২০৭।
৫. ব্যক্তিগত নথি।
৬. গার্ড ফাইল।

(মোহা: তানিয়া নাজনীন)
পরিচালক বার্তা (অতিরিক্ত দায়িত্ব)